

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ও দক্ষিণ কোরিয়ার যৌথ প্রকল্প অনুমোদন

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সাথে দক্ষিণ কোরিয়ার ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন (এনআরএফ)-এর অর্থায়নে Strengthening Education Capabilities of Department of Bangladesh's Mechanical and Automotive Engineering- শীর্ষক একটি প্রকল্প সম্প্রতি দক্ষিণ কোরিয়া সরকার অনুমোদন করেছে। ৭ (সাত) বছর মেয়াদী এ প্রকল্পটি দক্ষিণ কোরিয়ার কংজু ন্যাশনাল ইউনিভার্সিটি'র মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের Prof. Dr. Haeng Muk Cho-এর তত্ত্বাবধানে পরিচালিত হবে। এপ্রিল ২০২২ থেকে প্রকল্পের কাজ শুরু হবে। উল্লেখিত প্রকল্পের মাধ্যমে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভিন্ন ল্যাব প্রতিষ্ঠা, আধুনিক কারিকুলাম প্রণয়ন, মানসম্মত শিক্ষা ও গবেষণা কার্যক্রম বৃদ্ধি, বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার সুযোগ তৈরি হবে। প্রকল্পটি অনুমোদনের পর গত ২৬/০১/২০২২ইং বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ ফরহাদ হোসেনের সভাপতিত্বে Prof. Dr. Haeng Muk Cho, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এ. আর. এম. সোলাইমান, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন অধ্যাপক ড. সাজ্জাদ ওয়াহিদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ ইকবাল মাহমুদ, রেজিস্ট্রার ড. মোহাঃ তৌহিদুল ইসলাম ও দক্ষিণ কোরিয়াতে অধ্যয়নরত গবেষক Adhirat Mandal-এর উপস্থিতিতে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ ফরহাদ হোসেন বলেন, এ ধরনের আন্তর্জাতিক প্রকল্প আমাদের বিশ্ববিদ্যালয় ও দেশের জন্য একটি বড় অর্জন। এই প্রকল্পের মাধ্যমে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ভবিষ্যতে উভয় দেশের শিক্ষা ও গবেষণা কাজে ভূমিকা রাখতে পারবে এবং কংজু ন্যাশনাল ইউনিভার্সিটি ও মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাঝে একটি দৃঢ় সেতুবন্ধন তৈরি হবে। দক্ষিণ কোরিয়া সরকার উল্লেখিত প্রকল্পটি মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সাথে বাস্তবায়নের জন্য মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ ফরহাদ হোসেন Prof. Dr. Haeng Muk Cho-

সহ দক্ষিণ কোরিয়া সরকারের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং প্রকল্পের সার্বিক সফলতা কামনা করেন ।